

ভর্তি পরীক্ষা

ঢাবি ‘ক’ ও ‘চ’ ইউনিটের ফল প্রকাশ

সংবাদ : **প্রতিনিধি, ঢাবি**

| ঢাকা, রোববার, ২০ অক্টোবর ২০১৯

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি),
বিজ্ঞান অনুষদভুক্ত ‘ক’ ইউনিটের প্রথম বর্ষ
স্নাতক (সম্মান) ও চারুকলা অনুষদভুক্ত ‘চ’
ইউনিটের প্রথম বর্ষ বিএফএ (সম্মান) শ্রেণীর
ভর্তিপরীক্ষার ফল আজ দুপুর সাড়ে ১২টায়
প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক
ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে (কক্ষ নং-২১৪)
আনুষ্ঠানিকভাবে এই দুই ইউনিটের ভর্তিপরীক্ষার
ফল প্রকাশ করবেন। গতকাল ঢাবি জনসংযোগ
দফতর থেকে এক সংবাদ বিজ্ঞপ্তি পাঠিয়ে এ
তথ্য জানানো হয়েছে।

উল্লেখ্য, ‘ক’ ইউনিটের ভর্তিপরীক্ষা গত ২০
সেপ্টেম্বর এবং ‘চ’ ইউনিটের ভর্তিপরীক্ষা
(সাধারণ জ্ঞান) গত ১৪ সেপ্টেম্বর ও (অঙ্কন) ২৮
সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়।